

## আন্দোলন স্থগিত করলেন ৭ কলেজের শিক্ষার্থীরা

অনলাইন ডেক্স

২৭ আগস্ট ২০২৩ ০৭:৫৬ পিএম | আপডেট: ২৮  
আগস্ট ২০২৩ ১২:৩৯ এএম2  
Shares

সাংবাদ সম্মেলন করেন আন্দোলনের সমন্বয়ক ও ঢাকা কলেজের ইংরেজি বিভাগের ছাত্র শাহরিয়ার মাহমুদ অপু। সংগৃহীত ছবি

advertisement..

অবশেষে কর্তৃপক্ষের আশ্বাসে আন্দোলন স্থগিত করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সরকারি সাত কলেজের শিক্ষার্থীরা। আজ রোববার সন্ধ্যা ৬টা ৪৫ মিনিটে আন্দোলনের সমন্বয়ক ও ঢাকা কলেজের ইংরেজি বিভাগের শিক্ষার্থী শাহরিয়ার মাহমুদ অপু আনুষ্ঠানিকভাবে ঘোষণা দিয়ে অবরোধ প্রত্যাহার করেন।

এর আগে, এক দফা দাবিতে দুপুর ১২টা ২৫ মিনিটের দিকে সোহরাওয়ার্দী উদ্যানে জড়ে হয়ে মিছিল নিয়ে রাজধানীর নিউমার্কেট থানার নীলক্ষেত মোড়ে এসে অবরোধ করেন শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের অবরোধের ফলে আজিমপুর-সায়েন্স্যাব রাস্তায় দেখা দেয় যানজট। অপ্রীতিকর পরিস্থিতি এড়তে মোতায়েন করা হয় অতিরিক্ত পুলিশ।

advertisement

শিক্ষার্থীদের দাবিটি ছিল, সিজিপিএ সিস্টেম শিথিল করে, অকৃতকার্য বিষয়ে মানোন্নয়ন পরীক্ষার মাধ্যমে পরবর্তী বর্ষে প্রমোশন দিতে হবে।